

# Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 14 May, 2025

ভারত-পাকিস্তান যুদ্ধের কারণে স্থগিত হয়ে গিয়েছিল আইপিএল ও পিএসএল। দুটি টুর্নামেন্ট পুনরায় শুরুর দিনক্ষণ জানানো হয়েছে। সমস্যাটা হয়েছে এখানেই। বিশেষ করে, আইপিএলের কারণে ভারত-দক্ষিণ আফ্রিকা ক্রিকেট বোর্ডের মধ্যে সম্পর্ক আরও খারাপ হতে পারে বলে আশঙ্কা রয়েছে।

আইপিএলের আগের সূচি অনুযায়ী ফাইনাল হওয়ার কথা ছিল ২৫ মে। কিন্তু নতুন সূচি অনুযায়ী ১৭ মে থেকে ৩ জুন পর্যন্ত হবে স্থগিত আইপিএলের বাকি অংশ। ভারতের এই ফ্র্যাঞ্চাইজি টুর্নামেন্টের ফাইনাল পর্যন্ত অপেক্ষা করতে চাইছে না ক্রিকেট দক্ষিণ আফ্রিকা (সিএসএ)। কারণ, ১১ জুন লর্ডসে শুরু ২০২৩-২৫ চক্রের টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনাল। শিরোপা নির্ধারণী সেই ম্যাচে মুখোমুখি হবে অস্ট্রেলিয়া-দক্ষিণ আফ্রিকা। ক্রিকবাজ, ক্রিকইনফোসহ বিভিন্ন ওয়েবসাইটের প্রতিবেদন থেকে জানা গেছে, আইপিএল ছেড়ে দক্ষিণ আফ্রিকার ক্রিকেটাররা দেশে ২৫-২৬ মে-এর মধ্যে দেশে ফিরবেন। ক্রিকইনফো ধারণা করছে, টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের কথা বিবেচনা করে ৩ জুন পর্যন্ত ক্রিকেটারদের অনাপত্তিপত্র সিএসএ যে দিচ্ছে না, সেটা বিসিসিআই বুঝবে। সিএসএ'র ধারণা ইতিবাচক হলেও দুই বোর্ডের মধ্যে সম্পর্কে অস্থিরতা তৈরি হতে পারে।

কাগিসো রাবাদা, লুঙ্গি এনগিদি, ক্রিস্তান স্টাবস, এইডেন মার্করাম, রায়ান রিকেলটন, করবিন বশ, মার্কো ইয়ানসেন, উইয়ান মুলডার-আইপিএলে থাকা এই আট ক্রিকেটার ডাক পেয়েছেন টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালের দলে। এই আট ক্রিকেটারকে তাই দ্রুত দেশে চাচ্ছে সিএসএ। ৩০ মে ইংল্যান্ডের উদ্দেশ্যে উড়াল দেওয়ার কথা দক্ষিণ আফ্রিকা ক্রিকেট দলের। টেস্ট চ্যাম্পিয়নশিপের দল ঘোষণার সময় দক্ষিণ আফ্রিকা ক্রিকেট দলের প্রধান কোচ শুকরি কনরাড উল্লেখ করেছেন প্রাথমিক অনাপত্তিপত্রের (এনওসি) কথা। কনরাড বলেন, 'আইপিএল-বিসিসিআইয়ের সঙ্গে প্রাথমিক চুক্তি হয়েছিল। ফাইনাল ২৫ মে হওয়ার কারণে আমাদের ক্রিকেটাররা ২৬ মে ফিরতে পারবে। ৩০ মে বিমানে ওঠার আগে তারা কিছুটা হলেও সময় পাবে।

কনরাড যখন ২৫ মে ফাইনালের কথা বলেছেন, তার মানে তিনি তখনো জানতেন না আইপিএলের নতুন সূচির কথা। দক্ষিণ আফ্রিকার প্রধান কোচ জানিয়েছেন, দুই বোর্ডের শীর্ষ কর্মকর্তাদের (বিসিসিআই-সিএসএ) মধ্যে এ ব্যাপারে আলাপ-আলোচনা হচ্ছে। কনরাড বলেন, 'আমাদের ক্রিকেটারদের ২৬ মে ফেরত চাই। আশা করি বাস্তবায়িত হবে এটা।

ভারত-পাকিস্তান যুদ্ধের পর কবে মাঠে গড়াচ্ছে আইপিএল ভারত-পাকিস্তান যুদ্ধের পর কবে মাঠে গড়াচ্ছে আইপিএল

ধর্মশালা হিমালয় প্রদেশ ক্রিকেট অ্যাসোসিয়েশন স্টেডিয়ামে ৮ মে পাঞ্জাব কিংস-দিল্লি ক্যাপিটালস ম্যাচে ৬১ বল খেলা হওয়ার পর ম্যাচ পরিত্যক্ত ঘোষণা করা হয়েছিল। প্রথমে ফ্লাডলাইটে ভ্রষ্টের কারণ বলা হলেও পরে জানা যায়, যুদ্ধের আতঙ্কে বাধ্য হয়ে খেলা থামিয়ে দেওয়া হয়েছিল। সেদিনই ধর্মশালা স্টেডিয়াম থেকে ২০০ কিলোমিটার দূরে ভারতের জম্মু কাশ্মীর রাজ্যে হামলা হয়েছিল। নতুন সূচি অনুযায়ী পাঞ্জাব-দিল্লি ম্যাচ ২৪ মে জয়পুরে হবে। আর ভারত-পাকিস্তান লাগাতার যুদ্ধের পর এ সপ্তাহের শনিবার সামাজিক মাধ্যমে যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি

ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, দুই দেশ (ভারত-পাকিস্তান) যুদ্ধবিরতিতে রাজি।

বেঙ্গালুরু, জয়পুর, দিল্লি, লক্ষ্মৌ, মুম্বাই, আহমেদাবাদ-এই ৬ ভেন্যুতে স্থগিত আইপিএলের বাকি ১৭ ম্যাচ হবে। ১৭ ম্যাচের মধ্যে ১৩ ম্যাচ লিগ পর্বের। বাকি ৪ ম্যাচ হবে প্লে অফ পর্বের প্রথম কোয়ালিফায়ার থেকে ফাইনাল পর্যন্ত। প্লে-অফের তারিখ ঠিক করা হলেও ভেন্যু অবশ্য পরে জানাবে বিসিসিআই। প্রথম কোয়ালিফায়ার হবে ২৯ মে। ৩০ মে হবে এলিমিনেটর আর দ্বিতীয় কোয়ালিফায়ার হবে ১ জুন। ফাইনাল হবে ৩ জুন।

ভারত-পাকিস্তান আইপিএল ফ্র্যাঞ্চাইজি

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:22

URL: <https://www.timestodaybd.com/public/sports/2457775807>